# B.A. 1st Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : CC-I

সময় : ৩ ঘণ্টা　　　　পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : ২×১০=২০

(ক) চর্যাপদের টীকা কে, কী নামে রচনা করেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে উল্লিখিত যে-কোনো দুটি অপ্রধান চরিত্রের নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণবিজয়'-এর কালজ্ঞাপক শ্লোকটি কী?

(ঘ) কৃত্তিবাসী রামায়ণের কাণ্ডগুলির নাম পর্যায়ক্রমে লেখো।

(ঙ) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি ক-টি লীলায় বিভক্ত? লীলাগুলির নাম লেখো।

(চ) 'গৌরচন্দ্রিকা' কাকে বলে?

(ছ) মহাভারতের প্রথম অনুবাদক কে? তাঁর অনুবাদ কী নামে পরিচিত?

(জ) বৃন্দাবনের ষড়গোস্বামীর নাম লেখো।

(ঝ) মঙ্গলকাব্য কাকে বলে?

(ঞ) বাউল সাধক লালন ফকিরের গানগুলি কে, কবে সম্পাদনা করে প্রকাশ করেন?

(ট) জ্ঞানদাস কোন শতকের কবি? তিনি কার ভাবশিষ্য ছিলেন?

(ঠ) 'অন্নদামঙ্গল' কাব্যটি ক-টি ভাগে বিভক্ত? ভাগগুলির নাম লেখো।

(ড) ঘনরাম চক্রবর্তীর কাব্যের নাম কী? ওই কাব্যের দুটি পালার নাম লেখো।

(ঢ) শাক্তকবি রামপ্রসাদ সেনের রচিত দুটি কাব্যের নাম উল্লেখ করো।

(ণ) 'সতীময়না' কার রচনা? কাব্যটির উৎস লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) কোন গ্রন্থটিকে বাংলা সাহিত্যের আদি নিদর্শন হিসেবে চিহ্নিত করা হয়? এই গ্রন্থে প্রকাশিত সমাজচিত্রের পরিচয় দাও।

(খ) 'চৈতন্যভাগবত'-এর রচয়িতার নাম উল্লেখ করে কাব্যটির ঐতিহাসিক মূল্য বিচার করো।

(গ) গোবিন্দদাসের কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) রামেশ্বর ভট্টাচার্য কোন ধারার কবি? সেই ধারায় তাঁর অবদান তুলে ধরো।

(ঙ) বাংলা সাহিত্যের ইতিহাসে ময়মনসিংহ গীতিকার গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

(চ) ধর্মমঙ্গল কাব্যধারার একজন জনপ্রিয় কবির নাম উল্লেখ করে ওই কাব্যধারায় তাঁর অবদান আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মহাভারতের বাংলা অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।

(খ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের নাম উল্লেখ করে কাব্যটির বিশেষত্ব আলোচনা করো।

(গ) কবি আলাওল কোন রাজসভার কবি ছিলেন? তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) শাক্ত পদাবলির ধারায় কমলাকান্তের কবিপ্রতিভার মূল্যায়ন করো।

———

# B.A. 1st Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-II

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) কলাবৃত্ত রীতিতে মাত্রাগণনার সময় মুক্ত ও রুদ্ধদলের মান কত হয় লেখো।

(খ) মিশ্রবৃত্ত ছন্দের শোষণশক্তি বলতে কী বোঝো?

(গ) সনেট কাকে বলে?

(ঘ) লুপ্তযতি বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

(ঙ) ভাবযতি কাকে বলে?

(চ) অতিপর্ব কাকে বলে? দৃষ্টান্ত দাও।

(ছ) মহাপয়ারের একটি উদাহরণ দাও।

(জ) অমূল্যধন মুখোপাধ্যায় দলবৃত্ত ও কলাবৃত্ত ছন্দের কী কী নাম দেন?

(ঝ) উদাহরণ-সহ অসঙ্গতি অলংকারের সংজ্ঞা দাও।

(ঞ) উদাহরণ-সহ দৃষ্টান্ত অলংকারের সংজ্ঞা দাও।

(ট) পূর্ণোপমার চারটি অংশের নাম লেখো।

(ঠ) কাকু বক্রোক্তি-র একটি উদাহরণ দাও।

(ড) ভ্রান্তিমান অলংকার কাকে বলে?

(ঢ) সমাসোক্তি অলংকারে উপমানের ভূমিকা কী?

(ণ) বিরোধাভাস অলংকারের দৃষ্টান্ত দিয়ে বিরোধাভাস বুঝিয়ে দাও।

২। 'ক' ও 'খ' — প্রতিটি বিভাগ থেকে *দুটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) *যে-কোনো দুটি* কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো :

(অ) হেড আফিসের বড় বাবু লোকটি বড় শান্ত
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জান্‌ত?

(আ) পথের প্রান্তে আমার তীর্থ নয়
পথের দু'ধারে আছে মোর দেবালয়।

(ই) জীবন মন্থন-বিষ নিজে করি পান
অমৃত যা উঠেছিল করে গেছ দান

(খ) *যে-কোনো দুটি* অলংকার নির্ণয় করো :

(অ) রাজা তব স্বপ্নসম গেছে ছুটে।

(আ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা।

(ই) নামে সন্ধ্যা তন্দ্রালসা, সোনার-আঁচল-খসা,
হাতে দীপশিখা।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) উদাহরণ-সহ মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

*অথবা,*

উদাহরণ-সহ অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) রূপক অলংকারের সংজ্ঞা ও রূপক অলংকারের প্রকারভেদ উদাহরণ দিয়ে আলোচনা করো।

*অথবা,*

শব্দালংকারের সঙ্গে অর্থালংকারের পার্থক্য লেখো। উদাহরণ-সহ শ্লেষ ও যমক অলংকারের পার্থক্য আলোচনা করো।

———

# B.A. 1st Semester (General) Examination, 2022 (CBCS)

## Subject : Bengali

## Course: CC-1A/2A/GE-1

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : ২×১০=২০

(ক) 'মনুষ্যফল' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?

(খ) "ইহারা পৃথিবীর কুষ্মাণ্ড"— কাদের কথা বলা হয়েছে এবং কেন?

(গ) "আমি তোমার ধর্মের সহায়।"— কে, কাকে বলেছিল?

(ঘ) 'রত্নমণ্ডিত দশভুজ' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?

(ঙ) "শাক্য সিংহ এই কথা কত প্রকারে বলিয়া গিয়াছেন।"— শাক্য সিংহ কে?

(চ) পত্রলেখা কোন আখ্যায়িকার চরিত্র? ওই আখ্যায়িকার লেখকের নাম কী?

(ছ) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?

(জ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ঝ) "যদি কোনো উদ্দেশ্য নাই তবে সাহিত্যের লাভ কী?"— বক্তার উক্ত বক্তব্যের তাৎপর্য নিরূপণ করো।

(ঞ) 'রঙ্গমঞ্চ' প্রবন্ধে রামায়ণ মহাকাব্যের কোন কোন কাণ্ডের উল্লেখ আছে?

(ট) "যুদ্ধের আয়োজন পূর্বের চেয়ে বাড়িয়াছে।"— কোন প্রসঙ্গে লেখক এ কথা বলেছেন?

(ঠ) 'পঞ্চবীর পতিগর্বিতা'— পঞ্চবীর কে কে?

(ড) ওয়েলিংটন কে?

(ঢ) 'গুজরী পঞ্চম' কাকে বলে?

(ণ) 'বিড়াল' প্রবন্ধে কোন যুদ্ধের প্রসঙ্গ এসেছে? সেই যুদ্ধের বিবদমান দুই সেনাপতির নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'মনুষ্যফল' প্রবন্ধে নারীজাতিকে বঙ্কিমচন্দ্র কোন কোন ফলের সঙ্গে তুলনা করেছেন এবং কেন, তা নিজের ভাষায় লেখো।

(খ) "তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।"— প্রবন্ধটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কাদের, কেন বসন্তের কোকিল বলেছেন?

(গ) "যাত্রার অভিনয়ে দর্শক ও অভিনেতার মধ্যে একটা গুরুতর ব্যবধান নাই।"—প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের কারণ নির্দেশ করো। 'রঙ্গমঞ্চ' প্রবন্ধটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ঘ) "সৃষ্টির উদ্দেশ্য পাওয়া যায় না, নির্মাণের উদ্দেশ্য পাওয়া যায়"— উদ্ধৃতিটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? উক্ত উদ্ধৃতিটিতে রবীন্দ্রনাথের কোন ভাবনার প্রকাশ ঘটেছে, প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

(ঙ) 'আমার মন' প্রবন্ধে লেখকের বহুবিচিত্র মনোভাবনার প্রকাশ ঘটেছে— আলোচনা করো।

(চ) "ধনের ধর্মই অসাম্য।"— উক্ত উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত এবং প্রবন্ধটি কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? উক্ত বক্তব্যের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ চিরকালীন ধনবৈষম্যের ইঙ্গিত দিয়েছেন— আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? প্রবন্ধটিতে প্রাবন্ধিক দেশমাতাকে গৌরবের আসনে প্রতিষ্ঠিত করার জন্য স্বদেশবাসীকে দেশপ্রেমের মন্ত্রে উদ্বুদ্ধ করেছেন— আলোচনা করো।

(খ) 'বিড়াল' প্রবন্ধে প্রাবন্ধিক লঘুরসের আড়ালে গুরুতর সমাজ-সমস্যার উল্লেখ করেছেন— আলোচনা করো।

(গ) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধের মূলভাব পরিস্ফুট করো।

(ঘ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে রবীন্দ্রনাথ কাদের, কেন উপেক্ষিতা বলে উল্লেখ করেছেন তা নিজের ভাষায় লেখো।